

নং ৫৮.০২.৭০০০.১৪১.২৩.০০১.২২.২১৬

তারিখ: ১২ বৈশাখ ১৪৩১
২৫ এপ্রিল ২০২৪

বিষয়: প্রতিযোগিতার জন্য রচনা আহ্বান।

সূত্র: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অপারেশনস্ অধিশাখার ২২.০৪.২০২৪ খ্রি: তারিখের ১০৭ নং স্মারকপত্র।

আগামী ২৬ জুন ২০২৪ “মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস”। তরুণ ও যুবসমাজের মধ্যে মাদকবিরোধী সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। তিনটি গ্রুপে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

গ্রুপ এবং রচনার বিষয় নিম্নরূপ:

ক- গ্রুপ: ৬ষ্ঠ-৮ম শ্রেণী ও সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য।

বিষয়: মাদককে রুখব, স্মার্ট বাংলাদেশ গড়ব (সর্বোচ্চ ১০০০ শব্দ)।

খ- গ্রুপ: ৯ম-১০ম শ্রেণী ও সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য।

বিষয়: মাদকমুক্ত বাংলাদেশ, সুস্থ জীবন সুস্থ দেশ (সর্বোচ্চ ১৫০০ শব্দ)।

গ- গ্রুপ: উচ্চ মাধ্যমিক, স্নাতক ও সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য।

বিষয়: বাঁচাতে দেশ বাঁচাতে জীবন, রুখতে হবে মাদক অগ্রাসন (সর্বোচ্চ ২০০০ শব্দ)।


প্রতিযোগিতার নিয়মাবলী:

- ১। চাঁপাইনবাবগঞ্জ জেলার নিম্ন মাধ্যমিক/সমমান, মাধ্যমিক/সমমান, উচ্চ মাধ্যমিক/সমমান, স্নাতক/সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীরা রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- ২। রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখতে হবে। কোন ক্রমেই রচনার ফটোকপি গ্রহণযোগ্য নয়।
- ৩। রচনার প্রথম পাতায় প্রতিযোগীর নাম, পিতা/অভিভাবকের নাম, পত্র যোগাযোগের ঠিকানা, মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণী ও রোল নম্বর উল্লেখ করতে হবে।
- ৪। রচনা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে দাখিল/প্রেরণ করতে হবে।
- ৫। খামের উপর “রচনা প্রতিযোগিতা: মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস” ২০২৪ লিখতে হবে।
- ৬। রচনা আগামী ২৩.০৫.২০২৪ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ৮৫ পূর্ব পাঠানপাড়া, চাঁপাইনবাবগঞ্জ বরাবর সরাসরি অথবা ডাকযোগে প্রেরণ করা যাবে।

পুরস্কার:

রচনা প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীকে পুরস্কার ও সনদ প্রদান করা হবে। পুরস্কার বিতরণের তারিখ ও স্থান পরবর্তীতে জানানো হবে।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক


(মোহাম্মদ আনিছুর রহমান খান)
উপপরিচালক

ফোন: ০২৫৮৮৮৯৩১০৯

E-mail: chapainawabganj@dnc.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ২। পরিচালক (অপারেশনস্ ও গোয়েন্দা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ৪। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), চাঁপাইনবাবগঞ্জ।
- ৫। জেলা শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ (শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৬। অফিস নথি।